বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ

# অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সাহেদ আলী<br>মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা। |
| তারিখ | : | ২৬/০৯/২০২২ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.০০ টা। |
| সভার স্থান | : | বিআরডিবি'র সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ক সদয় দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন । তিনি বলেন সরকারি কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারনা পরিবর্তন করে জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে । তিনি চলমান বিশ্ব পরিস্থিতিতে সকলকে সর্বক্ষেত্রে মিতব্যয়ী ও সাশ্রয়ী হওয়ার আহবান জানান। বিদ্যুৎ সাশ্রয়ের ক্ষেত্রে বিআরডিবি'র গৃহীত পদক্ষেপের কারণে বিদ্যুতের ব্যবহার ইতোমধ্যে কমতে শুরু করেছে। বিআরডিবি সদরদপ্তরে জুন/২২ মাসের থেকে জুলাই/২২ মাসে বিদ্যুতের ব্যবহার ২২.৮৭% সাশ্রয় করা সম্ভব হয়েছে। তিনি বলেন সাশ্রয় মানে কৃপণতা নয় বরং অপ্রয়োজনীয় এবং অতিরিক্ত ব্যবহার পরিহার করা । তথ্য কমিশন কর্তৃক ঘোষিত তথ্য অধিকার আইন বাস্তবায়নে উল্লেখযোগ্য অবদানের জন্য অধিদপ্তর/সংস্থা ক্যাটাগরিতে বিআরডিবি দ্বিতীয় পুরস্কার প্রাপ্ত হওয়ায় মহাপরিচালক মহোদয় কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

অতপর সভাপতি বিআরডিবি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কাঠামোর ফোকাল পয়েন্ট ও উপপরিচালক, (জনসংযোগ ও সমন্বয়) কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার অনুরোধ করেন। উপপরিচালক, (জনসংযোগ ও সমন্বয়) গৃহিত কর্মপরিকল্পনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

উপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়-সীমা নির্ধারিত এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বণ্টনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময়সীমার মধ্যে প্রত্যেকে তার নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে। অন্যথায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে এবং বিআরডিবি'র সামগ্রিক কর্ম মূল্যায়ন ব্যাহত হবে। এজন্য সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লিখিত সময়সীমার মধ্যে তার কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করেন। তিনি কর্ম পরিকল্পনা অনুযায়ী সভায় উপস্থিত সকলকে ও ভার্চুয়ালি সংযুক্ত মাঠ পর্যায়ের উপরিচালকদের আলোচনায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করেন। সভায় বিআরডিবি'র পরিচালকগণ, উপরিচালকগণ, আইনজীবীসহ অংশীজনরা মতামত প্রদান করেন।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১) উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য বিআরডিবি নৈতিকতা কমিটির সভা নিয়মিত আয়োজন করা হয়। সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। মহাপরিচালক বলেন নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করতে হবে। সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চার অনুসরণ করা দরকার ।

২) সভায় জানানো হয় কর্মপরিকল্পনার ১.৫ অনুচ্ছেদে কর্ম পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত) অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াস রুমের ব্যবস্থা করা সূচকে বিআরডিবি ৩টি কার্যক্রম গ্রহণ করেছে ক) পিপিআর অনুসরণে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তি করা হবে।

খ) বিআরডিবিতে মহিলাদের জন্য ইতোমধ্যে পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করা হয়েছে এবং ওয়াস রুমগুলোতে বড় অক্ষরে মহিলাদের জন্য সংরক্ষিত ওয়াসরুম লেখা হয়েছে। মহাপরিচালক বলেন মহিলাদের জন্য নির্ধারিত ওয়াস রুমগুলোতে পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা করতে হবে।

৩) আলোচনায় কর্মপরিকল্পনা ২.১ হতে ২.৫ অনুযায়ী সভায় জানান হয় যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। মহাপরিচালক বলেন রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন প্রকল্পের ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং আগামী ৩০ জুনের মধ্যে যথাযথভাবে অগ্রগতি নিশ্চিত করতে এখন থেকেই প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

আলোচনায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৩ এর কলাম ৮, ৯ ও ১০ বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপসচিব জনাব সিদ্ধার্থ শংকর কুন্ডু বলেন ১ম কোয়ার্টার, ২য় কোয়ার্টার, ৩য় কোয়ার্টার ও ৪র্থ কোয়ার্টার সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ১০০% ধরা হয়েছে। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টারে ২৫%, ২য় কোয়ার্টারে ৫০%, ৩য় কোয়ার্টারে ৭৫% ও ৪র্থ কোয়ার্টারে ১০০% হবে। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপরি উক্ত ত্রুটি সংশোধন করে সংশোধিত কর্মপরিকল্পনা প্রস্তুত করা হবে।

প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন/কম্পিউটার/আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপসচিব জনাব সিদ্ধার্থ শংকর কুন্ডু আলোচনায় বলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণে সমাপ্ত প্রকল্পের যানবাহন ও সম্পদ হস্তান্তর করার ব্যবস্থা নিতে হবে। এসময় মহাপরিচালক, বিআরডিবি জানান যে, বিআরডিবি একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, তাই বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন ও প্রকল্পের ডিপিপি অনুসারে বিআরডিবি'র সমাপ্ত প্রকল্পের যানবাহন ও সম্পদ বিআরডিবি'র সম্পদ হিসেবে গণ্য হবে।

৪) কর্মপরিকল্পনার ৩.১ অনুসারে সভায় মহাপরিচালক বলেন সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে হচ্ছে। যানবাহন ব্যবহারের ক্ষেত্রে সাশ্রয়ী হতে হবে, জ্বালানী বরাদ্দের ২০% সাশ্রয় করতে হবে । মাঠ পর্যায়ে ভ্রমণের ক্ষেত্রে প্রয়োজনে বাস/ট্রেন প্রযোজ্য ক্ষেত্রে বিমান ব্যবহার করা যেতে পারে। সকল পর্যায়ে বিদ্যুতের ব্যবহার কমপক্ষে ২৫% কমাতে তিনি সকলের প্রতি অনুরোধ করেন। তিনি জানান বিআরডিবি সদরদপ্তর জুন/২২ মাসের থেকে জুলাই/২২ মাসে বিদ্যুতের ব্যবহার ২২.৮৭% সাশ্রয় করা সম্ভব হয়েছে। মহাপরিচালক বলেন বিআরডিবি'র আওতাভুক্ত সকল দপ্তরে জ্বালানি ও বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রতা অবলম্বন করতে হবে।

৫) দুর্নীতি প্রতিরোধকল্পে ঋণ কার্যক্রমের অনলাইন রির্পোটিং বিষয়ে সভায় জানান হয় বিআরডিবি যশোর জেলার ইরেসপোভুক্ত উপজেলা ও এসএমই ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং সিস্টেম চলমান রয়েছে। এ বিষয়ে উপপরিচালক যশোর সভায় জানান যে, ইরেসপোভুক্ত উপজেলা ও এসএমই ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং ২৫ সেপ্টেম্বর ২০২২ মাস পর্যন্ত হালনাগাদ আছে। সভায় মহাপরিচালক এবং পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপ সচিব জনাব সিদ্ধার্থ কুমার কুন্ডু জানান সমন্বিত সফ্টওয়্যার শীঘ্রই চালু হবে তখন অনলাইন রির্পোটিং কার্যক্রম আরও গতিশীল হবে।

৬) ডিজিটাল হাজিরা মনিটরিং এর মাধ্যমে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণ : মহাপরিচালক মহোদয় বলেন সময়মত অফিসে আগমন করতে হবে। প্রয়োজনে বাইরে গেলে সহকর্মীদের অবগত করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের ছুটিতে যাবার কারণ ও তথ্য যথাযথভাবে অবহিত করতে হবে। জেলা পর্যায়ের কর্মকর্তাগণের ছুটি মহাপরিচালকের অনুমোদনক্রমে গ্রহণ করতে হবে।

এছাড়া সভায় সুশীল সমাজের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে জানান শুদ্ধাচার কৌশল সরকারের সকল দপ্তরে বাস্তবায়নের ফলে সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে। ফলে সরকারী সেবা প্রাপ্তি নিয়ে জনগণের প্রত্যাশা পূরণ হচ্ছে বলে তাঁরা মনে করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে সরকারি সেবা প্রদান আরও বেগবান হবে বলে তাঁরা প্রত্যাশা করেন।

সিদ্ধান্ত:

১) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে।

২) মহিলাদের জন্য নির্ধারিত ওয়াসরুমগুলোতে পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা করতে হবে।

৩) রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন প্রকল্পের ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং আগামী ৩০ জুনের মধ্যে যথাযথভাবে অগ্রগতি নিশ্চিত করতে এখন থেকেই সে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে । যানবাহন ব্যবহারের ক্ষেত্রে সাশ্রয়ী হতে হবে, জ্বালানি বরাদ্দের ২০% সাশ্রয় করতে হবে । সকল পর্যায়ে বিদ্যুতের ব্যবহার কমপক্ষে ২৫% কমাতে হবে।

৫) ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং সিস্টেম চলমান রাখতে হবে।

৬) সময়মত অফিসে আগমন নিশ্চিত করতে হবে। জেলা পর্যায়ের কর্মকর্তাগণের ছুটি মহাপরিচালকের অনুমোদনক্রমে গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

১০.১০.২২

মোঃ সাহেদ আলী
মহাপরিচালক

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.০৬.০০৩.২২. ৭৮৩৫ তারিখ : ১০/১০/২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, (সকল জেলা)............................................................জেলা, বিআরডিবি।
২। উপপরিচালক,.................................................................................বিআরডিবি, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪। জনাব/বেগম...............................................................................................
৫। সংশ্লিষ্ট নথি।

১০.১০.২০২২

মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
ফোন : ৮১৮০০১৮